দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 30 AUG 2016 ...
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৩ ...

# কোটালীপাড়ায় বিদ্যালয় জাতীয়করণের দাবি

■ কোটালীপাড়া (গোপালগঞ্জ) সংবাদদাতা

জাতীয়করণের তালিকায় পুনর্বহালের দাবিতে সোমবার বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে কোটালীপাড়া পাবলিক ইনস্টিটিউশনের শিক্ষার্থীরা। এ সময় ক্ষুব্ধ শিক্ষার্থীরা এর অফিস কক্ষে তালা ঝুলিয়ে শিক্ষকদের অবরুদ্ধ করে রাখে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

কোনো পূর্ব ঘোষণা ছাড়াই বিদ্যালয়টির পরিচালনা পর্ষদ, শিক্ষক-কর্মচারী, ছাত্র-ছাত্রী ও এলাকাবাসীর ব্যানারে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত বিদ্যালয় চত্বরে এ মানববন্ধন করা হয়।

গত ১৩ জুলাই শিক্ষা মন্ত্রণালয় থেকে কোটালীপাড়া পাবলিক ইনস্টিটিউশনকে জাতীয়করণের ঘোষণা দেয়া হয়। ঘোষণার পর গত ৭ আগস্ট প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে একান্ত সচিব-১ সাজ্জাদুল হাসান শিক্ষা মন্ত্রণালয়ের সচিবকে একটি চিঠি দেন। চিঠিতে তিনি উল্লেখ করেন- অনিবার্য কারণে কোটালীপাড়া পাবলিক ইনস্টিটিউশনকে জাতীয়করণের তালিকা থেকে বাদ দিয়ে কোটালীপাড়া ইউনিয়ন ইনস্টিটিউশনকে (পাইলট) জাতীয়করণের জন্য প্রধানমন্ত্রী সম্মতি প্রদান করেছেন। চিঠির বিষয়টি এলাকায় জানাজানি হয়ে যাওয়ার পর শিক্ষার্থীরা আন্দোলন করেন।

ইনস্টিটিউশনের প্রধান শিক্ষক সুরেশ দাস বলেন, শিক্ষার্থীরা পরিচালনা পর্ষদ, শিক্ষক-কর্মচারী, ছাত্র-ছাত্রী ও এলাকাবাসীর ব্যানারে আন্দোলন করলেও এতে আমাদের কোনো সম্মতি নেই। এই আন্দোলনে শিক্ষার্থী ছাড়া আর কেউ ছিল না।